

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ৫৫২

তারিখঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় কর্মসূচি'র কর্মচারী কর্তৃক ঋণ বিতরণ সনদপত্রে ভুয়া ও জাল স্বাক্ষর করে আত্মসাতের উদ্দেশ্যে বিভিন্ন সমিতির সদস্যর বিপরীতে অর্থ উত্তোলন করার বিষয়টি প্রাথমিক অনুসন্ধানে প্রমাণিত হয়েছে। কর্মসূচি'র ঋণ বিতরণ নীতিমালা অনুযায়ী ঋণ বিতরণ প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলার আয়ন ব্যয়ন কর্মকর্তা কর্তৃক স্ব হস্তে ঋণ বিতরণ ও তদারকির নির্দেশনা রয়েছে। কিন্তু নীতিমালা অনুযায়ী আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করায় উক্ত অনিয়ম সংগঠিত হয়েছে ও বর্ণিত আর্থিক অনিয়মের ক্ষেত্রে আপনিও সমভাবে দায়ী মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় দায়িত্বে অবহেলার কারণে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি
কালিগঞ্জ, সাতক্ষীরা

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ সাতক্ষীরা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।